বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৬.২২(৮ম নথি)-৭১৭৮

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৯ মে ২০২৫

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল (বেবিচ) কর্তৃপক্ষের ২৮ মার্চ ২০২৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে লিখিত, ডেমন্সট্রেশন ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগ কমিটির সুপারিশের আলোকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীকে নিয়োগের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নির্বাচন করা হলো:

| পদের নাম : সিনিয়র সিস্টেমস এনালিস্ট | |
|---|---|
| 101000073 | Total = 01 |

২.০ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চাকরিতে যোগদানের সময় যেসকল প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে তা কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.caab.gov.bd) বিস্তারিতভাবে দেয়া হয়েছে।

৩.০ স্বাস্থ্য পরীক্ষা: **সিনিয়র সিস্টেমস এনালিস্ট** পদের প্রার্থীকে আগামী **১৮ জুন ২০২৫** তারিখ বুধবার **সকাল ০৯.০০ টায়** বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরে কর্মরত চিকিৎসক ডাক্তার সানন্দা রায়, মেডিক্যাল অফিসার, সদর দপ্তর, প্রশাসন বিভাগ, সিএএবি নিকট হতে ফরম 'ঘ' অনুযায়ী স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহ করতে হবে। স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহের জন্য নিম্নবর্ণিত মেডিক্যাল টেস্টসমূহ যেকোন **সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান** হতে সম্পন্ন করতে হবে এবং রিপোর্টসমূহ সঙ্গে নিয়ে আসতে হবে।

1. Blood test : CBC, RBS
2. Urine RME
3. Report of X-ray chest P/A view
4. Refraction report of both eyes and colour vision test
5. Pure tone audiometry report of both ears
6. Height, weight and Blood pressure measurement report

**বি: দ্র: টেস্ট রিপোর্ট প্রদানকারীর BMDC রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।**

৪.০ স্বাস্থ্যগত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে আগামী **০১ জুলাই ২০২৫** তারিখ মঙ্গলবার **চেয়ারম্যান,** বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে।

৫.০ চাকরিতে যোগদানের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ/ডি.এ বা অন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

29.05.25
(মোহাম্মদ ইকরাম উল্লাহ)
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন - ৪১০৯১০৫২

বিতরণ :
১। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। নোটিশ বোর্ড।

সদরদপ্তর
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Headquarters
CIVIL AVIATION AUTHORITY OF BANGLADESH

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৬.২২(৮ম নথি)-৭১৭৯

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২
২৯ মে ২০২৫

## অফিস আদেশ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল (বেবিচ) কর্তৃপক্ষের ১(খ)নং স্থায়ী নিয়োগ কমিটির সুপারিশের আলোকে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিয়োক্ত প্রার্থীকে ছকে বর্ণিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৫০,০০০-৭১,২০০/- (গ্রেড-৪) এর ৫০,০০০/- টাকার প্রারম্ভিক বেতন ও প্রাপ্য ভাতাদিসহ শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হইল:

পদের নাম : সিনিয়র সিস্টেমস এনালিস্ট

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | নাম ও পিতার নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ১০১০০০০৭৩ | জনাব খন্দকার আজিজুর রহমান<br>পিতা-খন্দকার আবদুর রহিম |

০২। যোগদানের সময় তাহাকে নিম্নবর্ণিত দলিলাদি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে:

(ক) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত চিকিৎসা পর্যদ বা চিকিৎসা কর্মকর্তার নিকট হইতে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত মর্মে সনদপত্র;

(খ) চাকরির আবেদনপত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সনদপত্র (মার্কশীটসহ) এবং অন্যান্য সনদপত্রের কপি (নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

(গ) স্থায়ী ঠিকানার সপক্ষে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) ফরম-'গ' এ একজন নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদপত্র; এবং

(ঙ) ফরম-'ক', 'খ', 'গ', 'ঘ', 'ঙ', 'চ' ও 'ছ' যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করিতে হইবে। এছাড়া, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৩। তিনি দুই বৎসরের জন্য শিক্ষানবিশ থাকিবেন। তবে শর্ত থাকে যে, যুক্তিসংগত কারণ থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব দুই বৎসরের জন্য বর্ধিত করিতে পারিবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৬(২)(ক) প্রবিধি মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন এবং এইরূপে চাকরি অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

০৪। (ক) তাহাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাহাকে তাহার চাকরি সংশ্লিষ্ট বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; এবং

(গ) প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপন, বিভাগীয়/পেশাগত প্রশিক্ষণ/পরীক্ষায় উত্তীর্ণ (যদি থাকে) এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হইলে তাহাকে চাকরিতে স্থায়ী করা হইবে।



Mailing Address : CAAB Headquarters, Kurmitola, Dhaka-1229, Bangladesh, AFRN : VGHQYAYX,
Telephone : 8901904-13, 8901881-83, Fax : 88-028901411, Website : www.caab.gov.bd

০৫। সংশ্লিষ্ট পদের প্রার্থীর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে। তাছাড়া, জ্যেষ্ঠতা, ছুটি, ভ্রমণ ভাতা, চিকিৎসা ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধা, বাসস্থান ও অন্যান্য সুযোগ-সুবিধা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এবং কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য অন্যান্য বিধি-বিধান (যদি থাকে) অনুযায়ী প্রাপ্য হইবেন।

০৬। তাহার কর্মস্থল বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন ঢাকায় অথবা ঢাকার বাহিরের যেকোনো দপ্তরে হইবে।

০৭। (ক) তাহাকে যোগদানের সময় ১০০x৩=৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি প্রশিক্ষণ গ্রহণের ০৫ (পাঁচ) বছরের মধ্যে চাকরি হইতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাহাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকিবেন; এবং

(খ) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একজন জামিনদারের স্বাক্ষর ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

০৮। চাকরিতে যোগদানকালে তাহাকে যোগদানপত্রের সাথে ১০০x৩=৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।

০৯। (ক) তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাস পূর্বে নোটিশ প্রদান না করিয়া তাহার চাকরি ত্যাগ করিতে বা চাকরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বেবিচ কর্তৃপক্ষকে তাহার তিন মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(খ) কোনো শিক্ষানবিশ তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া চাকুরি ত্যাগ করিতে পারিবেন না। এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বেবিচ কর্তৃপক্ষকে তাহার এক মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(গ) তাহার বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইলে তিনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চাকরি হইতে ইস্তফা দান করিতে পারিবেন না;

(ঘ) চাকরি স্থায়ী না হওয়া পর্যন্ত তাহাকে বিদেশ ভ্রমণের অনুমতি দেওয়া হইবে না; এবং

(ঙ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪০(১) প্রবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত **ঘোষণাপত্র** চাকরিতে যোগদানের সময় জমা দিতে হইবে।

১১। তাহার চাকরি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এবং উক্ত প্রবিধানমালায় যে সকল বিষয়াদি সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই বা উল্লেখ নাই, সে সকল বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধিমালা, আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজনসহ, তাহার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।



Mailing Address : CAAB Headquarters, Kurmitola, Dhaka-1229, Bangladesh, AFRN : VGHQYAYX,
Telephone : 8901904-13, 8901881-83, Fax : 88-028901411, Website : www.caab.gov.bd

১২। কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষের কর্মে নিযুক্ত কোন ব্যক্তির ক্ষেত্রে শিল্প সম্পর্ক অধ্যাদেশ, ১৯৬৯ (১৯৬৯ সনের ২৩ নং অধ্যাদেশ) (এক্ষণে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬) প্রযোজ্য হইবে না।

১৩। তাহার দাখিলকৃত যে কোন সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হইলে তাৎক্ষণিকভাবে তাহার নিয়োগ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৪। উপর্যুক্ত শর্তাবলি তাহার কাছে গ্রহণযোগ্য হইলে **নিয়োগপত্রে উল্লিখিত ফরমসমূহ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.caab.gov.bd) হতে ডাউনলোড করে** যথাযথভাবে পূরণপূর্বক তাহাকে চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ বরাবর **আগামী ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/০১ জুলাই ২০২৫** খ্রিস্টাব্দ যোগদান পত্র দাখিল করিতে হইবে।

১৫। চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

১৬। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করিলে তিনি চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

29.05.25

(মোহাম্মদ ইকরাম উল্লাহ)
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন - ৪১০৯১০৫২

বিতরণ :
১। পরিচালক (সিএনএস), সিএবি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সংশ্লিষ্ট প্রার্থী ..........................



Mailing Address : CAAB Headquarters, Kurmitola, Dhaka-1229, Bangladesh, AFRN : VGHQYAYX,
Telephone : 8901904-13, 8901881-83, Fax : 88-028901411, Website : www.caab.gov.bd

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বিষয় : যোগদান পত্র।

সূত্র : সিএএবি'র স্মারক নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৬.২২ তারিখ :

মহোদয়

সূত্রস্থ স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক আমি অদ্য -------------------- তারিখ পূর্বাহ্নে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিনিয়র সিস্টেমস এনালিস্ট পদে যোগদান করলাম।

এমতাবস্থায়, আমার যোগদান পত্রটি গ্রহণ করতে সদয় মর্জি হয়।

আপনার একান্ত অনুগত

তারিখ:

স্বাক্ষর :

নাম :

পদের নাম:

সংযুক্তি: (১) চাকরির আবেদনপত্র।
(২) চাকরির আবেদনপত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সনদপত্রের সত্যায়িত কপি।
(৩) অন্যান্য সনদপত্রের সত্যায়িত কপি।
(৪) স্থায়ী ঠিকানার স্বপক্ষে মূল নাগরিকত্ব সনদপত্র।
(৫) পূরণকৃত ফরম-'ক', 'খ', 'গ', 'ঘ', 'ঙ', 'চ' ও 'ছ' এর মূল কপি।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ

# প্রার্থীদের জন্য নির্দেশাবলী

নতুন নিয়োগকৃত প্রার্থীদের যোগদানের সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে তা নিম্নরূপ :-

১। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.caab.gov.bd) যোগদানের সময় যে সকল কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে তার নমুনা দেয়া আছে।

২। যোগদানপত্র এবং ফরম -'ক', 'খ', 'গ', 'ঘ', 'ঙ', 'চ' ও 'ছ' ওয়েবসাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক যোগদানের সময় জমা দিতে হবে।

৩। নিয়োগপত্রের কপি।

৪। চাকরির আবেদনপত্র ও প্রবেশপত্র (কালার প্রিন্ট) জমা দিতে হবে।

৫। পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি ০৪ (চার) কপি সঙ্গে নিয়ে আসতে হবে।

৬। চাকরির আবেদনপত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী যাবতীয় সনদপত্র, মার্কশীট, স্থায়ী ঠিকানার স্বপক্ষে নাগরিকত্ব সনদপত্র (মূল কপি), জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদপত্র (জাতীয় পরিচয়পত্র যাদের নেই), কোটা সংক্রান্ত সনদপত্র ও অন্যান্য সনদপত্র (যদি থাকে) নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে। (২ সেট কাগজপত্রাদি আনতে হবে) চাকরির আবেদনে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার অধিক শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কশীট জমা দেয়া যাবে না।

৭। ফরম-'ঙ' ১০০×৩=৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে 'অঙ্গিকার নামা' ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক প্রতি পাতায় স্বাক্ষর প্রদান করতে হবে। এছাড়া, একজন জামিনদারের স্বাক্ষর ও জাতীয় পরিচয়পত্রের কপি (সত্যায়িত) কপি জমা দিতে হবে।

৮। ফরম-'চ' ১০০×৩=৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে 'অঙ্গিকার নামা' ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক প্রতি পাতায় স্বাক্ষর প্রদান করতে হবে।

৯। ফরম-'ছ' প্রার্থীর স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত 'ঘোষণাপত্র' ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক প্রতি পাতায় প্রার্থীর স্বাক্ষর প্রদান করতে হবে।

১০। নিয়োগ বিজ্ঞপ্তি (নিয়োগ প্রাপ্ত পদের) জমা দিতে হবে।

১১। চাকরির আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানার স্ব-পক্ষে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।

১২। স্বাস্থ্যগত সনদ ফরম-'ঘ' ওয়েবসাইট থেকে ডাউনলোড করে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকের নিকট হতে নির্ধারিত তারিখে যথাযথভাবে পূরণপূর্বক যোগদানের সময় জমা দিতে হবে।

১৩। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। সেক্ষেত্রে চাকরির আবেদনপত্রে ও ফরম-খ এ উল্লিখিত তথ্য অনুযায়ী যোগদানের সময় জমা দিতে হবে।

১৪। চাকরিতে যোগদানের দিন প্রশাসন বিভাগ হতে প্রার্থীদের সার্ভিস বুক গ্রহণ করতে হবে এবং যথাযথভাবে পূরণপূর্বক জমা প্রদান করতে হবে।

১৫। চাকরিতে যোগদানের দিন প্রশাসন বিভাগ হতে চরিত্র ও প্রাক-পরিচয় সংক্রান্ত প্রতিবেদন ফরম গ্রহণ করতে হবে এবং যথাযথভাবে পূরণপূর্বক (প্রয়োজনীয় কাগজপত্রসহ) জমা প্রদান করতে হবে।

# ফরম-‘ক’

এক কপি সদ্য তোলা রঙিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে

১। প্রার্থীর নাম বাংলা:

ইংরেজি: (Block letter)

২। জন্মতারিখ: ৩। রক্তের গ্রুপ:

৪। ধর্ম: ৫। নিজ জেলা:

৬। উচ্চতা: ৭। ওজন:

৮। বুকের মাপ: (ক) অপ্রসারিত অবস্থায় : (খ) প্রসারিত অবস্থায়:

৯। সনাক্ত করণ চিহ্ন:

১০। জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর:

১১। পিতার নাম: জন্মতারিখ: পেশা:

জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর:

১২। মাতার নাম জন্মতারিখ: পেশা:

জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর

১৩। বৈবাহিক অবস্থা:

১৪। স্বামী/স্ত্রীর নাম: জন্মতারিখ: পেশা:

জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর:

১৫। স্থায়ী ঠিকানা গ্রাম: ডাকঘর:

থানা/উপজেলা: জেলা:

১৬। বতমান ঠিকানা গ্রাম: ডাকঘর:

থানা/উপজেলা: জেলা:

১৭। চাকুরিতে যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতা

| ডিগ্রি/ডিপ্লোমা | শ্রেণি/বিভাগ/জিপিএ | পাসের সন | শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| (ক) | | | |
| (খ) | | | |
| (গ) | | | |
| (ঘ) | | | |

১৮। প্রার্থী মুক্তিযোদ্ধার পোষ্য কি-না : হ্যাঁ/না
(হ্যাঁ হলে সনদ দাখিল করতে হবে)

স্বাক্ষর : ....................................................

পদবি : ....................................................

---

বি: দ্র: স্থায়ী অথবা বর্তমান ঠিকানা পরিবর্তিত হইলে তাহা অনতিবিলম্বে অফিস প্রধানকে জানাইতে হইবে।

# ফরম ‘খ’

## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পদে নিয়োগের ব্যাপারে বিবেচনার জন্য প্রতিপাদন ফরম

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের.............................................................................. পদে নিয়োগের জন্য আমি...................................................................এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, নিম্নবর্ণিত প্রশ্নের উত্তর সম্পূর্ণ সঠিক :-

আপনি পূর্বে বাংলাদেশ সরকারের অধীনে অথবা অন্য যে কোন স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ সংস্থায় চাকুরি করিয়াছেন কিনা : না / হ্যাঁ

| দপ্তর/দপ্তর সমূহ বা অফিস সমূহ (যেখানে পূর্বে চাকুরি করিয়াছেন) | পদবি | চাকুরি অবসানের কারণ |
|---|---|---|
| | | |
| | | |

আমি অংগীকার করিতেছি যে, যদি উপরে প্রদত্ত বিবৃতি মিথ্যা বলিয়া প্রমাণিত হয় বা আমার পূর্বের চাকুরি সংক্রান্ত কোন তথ্যাদি প্রকাশ করিতে বিরত থাকি বা গোপন রাখি তাহা হইলে আমার চাকুরি বিনা নোটিশে অবসানযোগ্য হইবে।

স্বাক্ষর : ...............................................

পদবি : .................................................

ফরম -‘গ’

## চারিত্রিক সনদপত্র

(নবম বা তদূর্দ্ধ গ্রেডের কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর করিতে হইবে)

প্রত্যয়ন করিতেছি যে, গত................. বৎসর যাবৎ জনাব................................................................ পিতা-...................................................... কে আমি ব্যাক্তিগত ভাবে চিনি এবং আমার জানা ও বিশ্বাস মতে তিনি উত্তম চরিত্রের অধিকারী এবং তাহার পূর্ববর্তী এমন কোন ঘটনা নাই যাহার জন্য বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে চাকরির অযোগ্য বলিয়া গণ্য হইতে পারেন।

২। আমি তাহার সার্বিক মঙ্গল কামনা করি।

স্বাক্ষর : ....................................................

পদবি : ....................................................

**ফরম-‘ঘ’**

সরকারী/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ/সংস্থায় চাকুরির জন্য প্রার্থীর স্বাস্থ্য বিষয়ক সনদপত্র

আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে চাকরির জন্য প্রার্থী ........................................................................... এর মেডিকেল রিপোর্ট যাচাই করিয়াছি এবং .............................................ব্যতিত তাহার শরীরে কোন রোগ গঠনগত দুর্বলতা বা আংশিক অক্ষমতা পাই নাই। .............................................. কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে নিযুক্তির জন্য আমি তাহাকে অযোগ্য বলিয়া মনে করি/করি না। তাহার বয়স নিজ বর্ণনা অনুযায়ী ........................... বৎসর ............................. মাস .........................দিন এবং চেহারা দৃষ্টে ..................বৎসর।

| | |
|---|---|
| স্থান : | স্বাক্ষর : |
| তারিখ : | পদবি : |

বাম হাতের বৃদ্ধ ও অন্যান্য আঙ্গুলির ছাপ :

**ফরম-'ঙ'**

## "অঙ্গীকারনামা"

এতদ্বারা অঙ্গীকার করিতেছি যে, আমি প্রশিক্ষণ গ্রহণের ০৫ (পাঁচ) বছরের মধ্যে চাকরি হইতে ইস্তফা প্রদান করিলে প্রশিক্ষণ খরচ বাবদ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) কর্তৃক

চলমান পাতা-২

ধার্যকৃত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত

চলমান পাতা-৩

সমুদয় অর্থ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এর নিকট পরিশোধ করিতে বাধ্য থাকিব।

জামিনদার (একজন জামিনদারের স্বাক্ষর ও জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে)

জামিনদারের স্বাক্ষর :

জামিনদারের নাম :

পিতার নাম :

মাতার নাম :

গ্রাম :

ডাকঘর :

উপজেলা/থানা :

জেলা :

জাতীয় পরিচয়পত্র নম্বর :

প্রার্থীর স্বাক্ষর : .......................................................

নাম : ...............................................................

পদবি : ..............................................................

তারিখ : ..............................................................

## ফরম-‘চ’

## “অঙ্গীকারনামা”

আমি ........................................................................................................................ ,

পিতা : ......................................................... , মাতা : ............................................................ ,

গ্রাম : .......................................................... , ডাকঘর : ......................................................... ,

উপজেলা/থানা ................................................. , জেলা : ..........................................................।

আমি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে............................................................................. পদে যোগদান করিয়াছি।

চলমান পাতা-২

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন

চলমান পাতা-৩

যৌতুক নিবো না এবং কোন যৌতুক দিবো না।

প্রার্থীর স্বাক্ষর : ......................................................

নাম : ..............................................................

পদবি : ............................................................

তারিখ : ............................................................

**<u>ফরম-'ছ'</u>**

## ''ঘোষণাপত্র''

সম্পদের হিসাব বিবরণী (স্থাবর)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪০(১) বিধি

আমি ................................................................ , পিতার নাম : ............................................ ,

মাতার নাম : ......................................................... , পদবি : ...................................................... ,

চাকরিতে যোগদানের তারিখ : ....................................... , এই মর্মে ঘোষনা করিতেছি যে, আমার/আমার পরিবারের

সদস্যগণের নামে চাকরিতে প্রথম যোগদানের তারিখ পর্যন্ত নিম্নে বর্ণিত সম্পদ/সম্পত্তি বিদ্যমান আছে :

| সম্পদ/সম্পত্তির বিবরণ | সম্পদ অর্জনের তারিখ | যার নামে অর্জিত | সম্পদ/সম্পত্তির প্রকৃতি ও অবস্থান | সম্পত্তির পরিমান | কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য | ক্রয় হলে অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (১) জমি (কৃষি/অকৃষি) | | | | | | | |
| (২) ইমারত | | | | | | | |
| (৩) বসতবাড়ী | | | | | | | |
| (৪) ব্যবসা প্রতিষ্ঠান | | | | | | | |
| মোট | | | | | | | |

<u>চলমান পাতা-০২</u>

# সম্পদের হিসাব বিবরণী (অস্থাবর)

| সম্পদ/সম্পত্তির বিবরণ | সম্পদ অর্জনের তারিখ | যার নামে অর্জিত | সম্পদ/সম্পত্তির প্রকৃতি ও অবস্থান | সম্পত্তির পরিমান | কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য | ক্রয় হলে অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (১) অলংকারাদি | | | | | | | |
| (২) স্টকস | | | | | | | |
| (৩) শেয়ার | | | | | | | |
| (৪) বীমা | | | | | | | |
| (৫) নগদ/ব্যাংকে গচ্ছিত অর্থ | | | | | | | |
| (৬) মোটর ভেহীকলস্ | | | | | | | |
| (৭) ইলেকট্রনিক্স জিনিষপত্র (কম্পিউটার, টেলিভিশন, এয়ারকুলার, রেফ্রিজারেটর, ওভেন ইত্যাদি) | | | | | | | |
| মোট | | | | | | | |

আমি আরও ঘোষণা করিতেছি যে, উপরিউক্ত সম্পদ/সম্পত্তি (স্থাবর/অস্থাবর) বিবরণী আমার জ্ঞাত ও বিশ্বাসমতে সত্য। এমন কোন সম্পদ/সম্পত্তি (স্থাবর/অস্থাবর) বিবরণী এই হিসাব বিবরণী হতে গোপন করা হয়নি, যাহাতে আমার নিজের অথবা আমার পরিবারের সদস্যগণের মাধ্যমে স্বার্থ বিহিত আছে।

প্রার্থীর স্বাক্ষর : .......................................................

নাম : ..................................................................